**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার অষ্টম অধিবেশন আগামীকাল সকাল ১১ টা থেকে শুরু হচ্ছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আসন্ন রাজ্য সফরের প্রস্তুতি খতিয়ে দেখেন।**

**(৩) কেন্দ্রীয় অর্থমন্ত্রক আজ যোগ্য কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং অবসরপ্রাপ্তদের জন্য ৩০ সেপ্টেম্বরকে জাতীয় অবসরভাতা পদ্ধতি থেকে সংযুক্ত অবসরভাতা প্রকল্পে অবস্থান পরিবর্তনের শেষ দিন হিসেবে ঘোষণা করেছে।**

**(৪) বিজ্ঞান মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন মাছের বিকল্প খাদ্য হিসেবে উলফিয়া, মাছের সার্বিক স্বাস্থ্যের জন্য যথেষ্ট ইতিবাচক।**

**************************************************

**Assembly Session :**

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার অষ্টম অধিবেশন আগামীকাল সকাল ১১ টা থেকে শুরু হচ্ছে। অধিবেশন বসবে দুইদিন, আগামীকাল ও ২৩শে সেপ্টেম্বর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২২শে সেপ্টেম্বর রাজ্য সফরে আসছেন। তাই ঐদিন বিধানসভার অধিবেশন বসবে না বলে ইতিপূর্বেই পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন।আগামীকাল অধিবেশনের প্রথম দিনে চারটি বিল উত্থাপন করা হবে। বিলগুলি হল, ত্রিপুরা স্টেট গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স (সংশোধনী) বিল, ত্রিপুরা জন বিশ্বাস (সংশোধনী) বিল, ফ্যাক্টরিজ বিল এবং ত্রিপুরা শপস অ্যান্ড এস্টাবলিশমেন্টস (সংশোধনী) বিল। তাছাড়া অধিবেশনে তিনটি বেসরকারি প্রস্তাব উত্থাপনের কথা রয়েছে। উল্লেখ্য, অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অসুস্থ থাকায় এবারের অধিবেশন পরিচালনা করবেন উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল।

***********************

**CM-visit in Palatana :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ পালাটনা OTPC হেলিপ্যাড পরিদর্শন করেন। উল্লেখ্য, আগামী ২২শে সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রসাদ প্রকল্পে ত্রিপুরাসুন্দরী মন্দিরের নবরূপে সজ্জিত পরিকাঠামোর উদ্বোধন করতে পালাটানা হেলিপ্যাড হয়ে মাতাবাড়ি যাবেন। আজ মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন মন্ত্রী প্রণজিৎ সিংহরায়, কিশোর বর্মন, সাংসদ রাজীব ভট্টাচার্য, জিলা সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায় ও বিধায়ক জিতেন্দ্র মজুমদার। তাঁরা যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখেন। মুখ্যমন্ত্রী আজ ত্রিপুরাসুন্দরী মন্দির পরিসরও পরিদর্শন করেন ।

*******************

**Seva PARV – spl.packagestory :**

সেবা ও সুশাসন অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি নিশ্চিত করতে অক্লান্তভাবে সক্রিয়। আজ, এই বিশেষ ধারাবাহিক "সেবা পর্ব"–

এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি, কিভাবে মোদী সরকার কৃষিকে সহযোগী কাজকর্মের মাধ্যমে একটি বৈচিত্র্যময় ক্ষেত্রে রূপান্তরিত করেছে।

***************

**GST on Cycle :**

এবছর স্বাধীনতা দিবসে, লাল কেল্লার প্রাকার থেকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের ঘোষণা করেন। এই মাসের ৩ তারিখে, জিএসটি কাউন্সিল নাগরিকদের জীবনযাত্রা সহজ করার জন্য অনেক ক্ষেত্রে করের হার কমিয়েছে। নতুন হারগুলি এই মাসের ২২ তারিখ থেকে কার্যকর হবে।

সাইকেলের উপর জিএসটি ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে।

একইভাবে, সাইকেলের যন্ত্রাংশের উপর জিএসটি হার পূর্বেকার ১২ শতাংশ থেকে ৫ শতাংশে কমিয়ে আনা হয়েছে। অনেকেই আশা প্রকাশ করছেন যে এই পদক্ষেপ সাইক্লিংয়ে যুবসমাজের সম্পৃক্ততা বৃদ্ধি করবে এবং একটি স্বাস্থ্যকর জীবনযাত্রাকে সমর্থন করবে । এবিষয়ে জানালেন এক সর্বভারতীয় সাইকেল নির্মাতা কোম্পানির উত্তর-পূর্বের প্রতিনিধি পার্থ প্রতিম পাল ।

**TI CYCLE**

********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***********************

**Finance Ministry release :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রক আজ যোগ্য কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং অবসরপ্রাপ্তদের ৩০ সেপ্টেম্বরকে জাতীয় অবসরভাতা পদ্ধতি (NPS) থেকে সংযুক্ত অবসরভাতা প্রকল্প (UPS) এ অবস্থান পরিবর্তনের শেষ দিন হিসেবে ঘোষণা করেছে। এক বিবৃতিতে মন্ত্রক জানিয়েছে, UPS এর অধীনে যোগ্য কর্মচারীরা কেবল একবারই NPS এ অবস্থান পরিবর্তিত করতে পারবেন। এতে আরও বলা হয়েছে যে এই পরিবর্তনটি অবশ্যই অবসর গ্রহণের কমপক্ষে এক বছর আগে অথবা স্বেচ্ছায় অবসর গ্রহণের তিন মাস আগে কাজে লাগাতে হবে। এই পদক্ষেপের লক্ষ্য হল কর্মীদের অবসর-পরবর্তী আর্থিক সুরক্ষা পরিকল্পনার জন্য একটি বিকল্পের সুযোগ দেওয়া। আর্থিক পরিষেবা বিভাগ যোগ্য কর্মীদের শেষ মুহূর্তের সমস্যা এড়াতে এবং তাদের অনুরোধগুলি মসৃণভাবে কার্যকরকরণ নিশ্চিত করতে দ্রুত সক্রিয় হওয়ার জন্য আহ্বান জানিয়েছে।

**********************

**Alternative Fish Feed :**

বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন মাছের বিকল্প খাদ্য হিসেবে উলফিয়া, মাছের সার্বিক স্বাস্থ্যের জন্য যথেষ্ট ইতিবাচক। এই ক্ষুদ্র জলজ উদ্ভিদ বিজ্ঞানসম্মত উপায়ে চাষ করে বিকল্প মৎস্য খাদ্য তৈরি করে স্বাবলম্বী হতে পারেন মাছ চাষীরা। আজ প্রজ্ঞাভবনে "বিকল্প মৎস্য খাদ্য উলফিয়া" শীর্ষক একটি কর্মশালার উদ্বোধন করে একথা বলেন তিনি। রাজ্যের বায়োটেকলজি দপ্তর এবং লেম্বুছড়াস্থিত মৎস্য মহাবিদ্যালয়ের যৌথ উদ্যোগে এবং ভারত সরকারের বায়োটেকনোলজি দপ্তরের আর্থিক সহায়তায় বিকল্প মৎস্য খাদ্য হিসেবে উলফিয়া চাষ প্রকল্প হাতে নেওয়া হয়েছে বলে জানান শ্রী দেববর্মা। আজকের কর্মশালায় বায়োটেকনোলজি দপ্তরের সচিব, অধিকর্তা, যুগ্ম অধিকর্তা, মৎস্য মহাবিদ্যালয়ের ডিন সহ অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন ।

*******************

**Childcare Centres for Women's Welfare under Seva Pakhwada:**

কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী, দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তার সঙ্গে আজ নতুন দিল্লিতে ৫০২টি পালনা-অঙ্গনওয়াড়ি কাম ক্রেশ কেয়ার সেন্টারের উদ্বোধন করেছেন।

এই কেন্দ্রগুলি সেবা পক্ষের উদ্যোগের আওতায় নির্মিত হয়েছে। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে কর্মজীবী মহিলারা এই উদ্যোগের মাধ্যমে উপকৃত হবেন এবং শিশুদেরও নিরাপদ স্থানে লালন-পালন সম্ভব হবে।

এই কেন্দ্রগুলি শিশুদের পুষ্টি এবং শিক্ষা পরিষেবাও প্রদান করবে। তিনি আরও বলেন যে সরকার সারা দেশের নারীদের সুস্বাস্থ্য ও কল্যাণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

************************

**GST Reforms/Reaction :**

আগামী ২২ শে থেকে পণ্য ও পরিসেবা কর বা GST'তে নতুন কর কাঠামো চালু হতে চলেছে। এরফলে কমবে জিনিসপত্রের দাম। অর্থনীতি চাঙ্গা হবে। বাড়বে মানুষের ক্রয়ক্ষমতা। কৈলাশহরের স্ব-উদ্যোগী যুবক বিনয় দেব GST'তে সংস্কার তথা ছাড়ের সরকারী সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে ভারত সরকারকে ধন্যবাদ জানান।

***********************

**Seva Pakhwada ;**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে সেবা পক্ষের অঙ্গ হিসেবে আজ আগরতলা পুর নিগমের ২০ নম্বর ওয়ার্ডের উদ্যোগে ওয়ার্ড অফিসে এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে কর্পোরেটর রত্না দত্ত বলেন, সেবা পক্ষে স্বাস্থ্য শিবির ছাড়াও বৃক্ষরোপণ কর্মসূচি, স্বচ্ছ ভারত অভিযানের মত আরো বিভিন্ন সেবামূলক কর্মসূচি হাতে নেওয়া হয়েছে।

এদিকে, ত্রিপুরা প্রদেশ মহিলা মোর্চার উদ্যোগে আজ আগরতলা পুর নিগমের ৮নম্বর ওয়ার্ডের নোয়াগাঁও কৃষ্ণনগর এলাকায় স্বচ্ছ ভারত অভিযান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা প্রদেশ মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার, কর্পোরেটর সম্পা সেন সরকার ও মন্ডলের অন্যান্য নেতৃবৃন্দ ।

**************************

**Hilsa fish import :**

দুর্গা পূজার আগে রাজ্যে ভাল পরিমানে ইলিশ মাছ আসছে। আজ বাংলাদেশ থেকে দেড় মেট্রিক টন ইলিশ এসেছে আখাউড়া সীমান্ত দিয়ে। ভারত বাংলাদেশ চেম্বার অব কমার্সের ত্রিপুরা শাখার সম্পাদক সুজিত রায় জানান, পূজার আগে রাজ্যে ১২০০ মেট্রিক টন ইলিশ মাছ আসবে। রাজ্য হয়ে ইলিশ উত্তর-পূর্ব ভারতের অন্য রাজ্যগুলিতে নেওয়ারও কথা রয়েছে।

**********************

**Blood donation :**

পূর্ত দপ্তরের সোনামুড়া ডিভিশন অফিসের উদ্যোগে আজ এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। সোনামুড়া ডিভিশনের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার ধনঞ্জয় দেববর্মা জানিয়েছেন গত কিছুদিন যাবৎ সিপাহীজলা জেলার বিভিন্ন ব্লাড ব্যাংকে রক্তের কিছুটা ঘটতি দেখা দিয়েছে। তা মেটানোর জন্য জেলাশাসকের তরফ থেকে জেলার অন্তর্গত বিভিন্ন দপ্তরকে রক্তদান শিবির আয়োজন করার আবেদন জানানো হয়। তারই অঙ্গ হিসেবে আজকের এই শিবিরের আয়োজন করা হয়েছে । এই রক্তদান শিবিরে ১৫ জন রক্তদান করেন।

*********************

**CITU :**

বামপন্থী শ্রমিক সংগঠন সি আই টি ইউ আজ, দুর্গাপূজার আগে শ্রমিকদের বোনাস মিটিয়ে দেওয়া সহ বেশ কিছু শ্রমিক স্বার্থ সংশ্লিষ্ট দাবি জানিয়ে শ্রম দপ্তরের সামনে বিক্ষোভ প্রদর্শন করে। সাংবাদিকদের কাছে সি আই টি ইউ রাজ্য সভাপতি মানিক দে অভিযোগ করে বলেন, সংগঠনের পক্ষ থেকে ইতিপূর্বে শারদোৎসবের অন্ততঃ ১৫ দিন আগে শ্রমিকদের বোনাস মিটিয়ে দিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য শ্রমদপ্তরের অধিকর্তার কাছে লিখিত ভাবে দাবী জানানো হয়েছিল। এ বিষয়ে ত্রিপাক্ষিক চুক্তিও স্বাক্ষরিত হয়। কিন্তু, আজ পর্যন্ত কোন মালিক পক্ষ চুক্তিমত শ্রমিকদের বোনাস মিটিয়ে দিতে কোন প্রকার উদ্যোগ গ্রহন করেনি। এছাড়াও সারা রাজ্যে ব্লক, পুর নিগম সহ অন্যান্য পৌর সংস্থা গুলির টুয়েপ ও রেগা শ্রমিকদের কাজের মজুরী দুর্গোৎসবের আগেই মিটিয়ে দেবার অনুরোধ জানান তিনি।

************************

**SUBRATA MUKHERJEE CUP :**

নয়াদিল্লীতে সুব্রত মুখার্জি কাপ ফুটবলের অনূর্ধ্ব ১৭ বছরের বালক বিভাগের খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল আবার পরাজিত হয়েছে। আজ অনুষ্ঠিত গ্রুপের তৃতীয় তথা শেষ খেলায় চন্ডিগড়ের ফুটবল একাডেমি ৪-০ গোলে ত্রিপুরা স্পোর্টস স্কুলকে হারিয়ে দেয়। ফলে ত্রিপুরা স্পোর্টস স্কুল আসর থেকে বিদায় নেয়।

**********************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস।

*****************

*****************